

TRIPURA FILM & TELEVISION INSTITUTE (TFTI)

চিত্রনাট্য প্রতিযোগিতা ২০২৫!

চিত্রনাট্যের নমুনা

SCENE 1

EXTERIOR. ROADSIDE - DAY

দুই পুলিশ অফিসার, রাজেশ (৪৫) এবং সুনীল (৪০), ইউনিফর্ম পরা অবস্থায় একটি Scorpio গাড়ির পাশে দাঁড়িয়ে আছে। একটি Eeco গাড়ি তাদের দিকে এগিয়ে আসে। গাড়িটির ভিতরে অমর (৩২), রাজা (৩৪), এবং রানা (৩০) বসে আছে। সুনীল তাদের গাড়িটি থামায় এবং রাজেশ হাতের ইশারায় তাদের গাড়ি থেকে নামতে বলে। Eeco গাড়ির ভিতর থেকে রানা মাথা নাড়ায়, যেন জিজ্ঞাসা করছে "কেন?"

সুনীল

বাইরে বেরিয়ে আয়!

রানা রেগে যায়, কিন্তু অমর তাকে থামায়।

অমর

কি হয়েছে স্যার?

রাজেশ

গাড়ির কাগজ?

রানা লাইসেন্স, আইডি ইত্যাদি দেখায়।

রাজেশ (CONT'D)

গাড়িতে কী আছে?

রাজা

এটা কার গাড়ি জানেন?

রাজেশ

নিচে নাম! নিচে নাম!

রাজা মুচকি হেসে হঠাৎ তার প্যান্টের পকেট থেকে একটি পিস্তল বের করে দুই রাউন্ড গুলি চালায়। গুলি দুটো সরাসরি রাজেশ ও সুনীলের মাথায় এসে লাগে। রাজেশ এবং সুনীল দুজনেই রাস্তায় লুটিয়ে পড়ে। পুলিশ দু'জনের মৃতদেহ রাস্তায় ফেলে রেখে অমর, রাজা ও রানা Eeco গাড়িটি চালিয়ে দ্রুত সেখান থেকে বেরিয়ে যায়।
